USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

PRESS RELEASE

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে খাদ্য নিরাপত্তা ও পুষ্টিমান উন্নয়নের জন্য ইউএসএআইডি - দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিষয়ক মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের উদ্বোধন

ঢাকা, ৩০শে নভেম্বর -- আজ খুলনায়, যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থা (ইউএসএআইডি) এবং বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিষয়ক মন্ত্রণালয়ের অংশীদারিত্বে পাঁচ বছর মেয়াদী ফুড ফর পিস্ কার্যক্রমের আওতায় "নবযাত্রা" প্রকল্পের উদ্বোধন করা হয়। ইউএসএআইডি'র নবযাত্রা প্রকল্পটি ওয়ার্ল্ড ভিশন, বিশ্ব খাদ্য কর্মসূচী ও উইনরক ইন্টারন্যাশনালের সমন্বয়ে বাস্তবায়িত হবে এবং এই প্রকল্পের লক্ষ্য থাকবে খুলনা ও সাতক্ষীরা জেলায় খাদ্য নিরাপত্তা ও পুষ্টিমান উন্নয়ন, নারীর ক্ষমতায়ন এবং এই জেলার দরিদ্রতম অঞ্চলগুলোতে সহনশীলতা বৃদ্ধিকরণ।

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চলে বসবাসরত মানুষের স্বাস্থ্য সেবা,শিক্ষা ও অন্যান্য সেবা পেতে প্রায়ই নানা প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। অন্যান্য বিষয় যেমন, দরিদ্রতা, খাদ্য বৈচিত্র ও খাবার পানির এবং অভাব পরিবেশগত অবক্ষয় এই এলাকার উপর বাড়তি চাপের সৃষ্টি করে। পাঁচ বছর মেয়াদি (২০১৫-২০২০) প্রায় ৬'শ কোটি টাকার ইউএসএআইডি'র নবযাত্রা প্রকল্পটি সরকার, আন্তর্জাতিক ও স্থানীয় এনজিও কে একত্রিত করে ব্যক্তি, গোষ্ঠী ও প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্বের মাধ্যমে দরিদ্র পরিবারগুলোর অবস্থার উন্নয়নে, তাদের জীবিকার মানোন্নয়ন ও তাদেরকে দারিদ্রতা থেকে তুলে আনতে সাহায্য করবে।

খুলনায় অনুষ্ঠিত হওয়া এই বিশেষ উদ্বোধনী অনুষ্ঠানে, যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাট বলেন, "১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার সময় থেকেই এদেশের খাদ্যনিরাপত্তা ও সহায়তার ক্ষেত্রে

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-883-7150-4 FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: http://dhaka.usembassy.gov

যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে...আমি আজকে অন্যন্ত আনন্দের সাথে এই ৬'শ কোটি টাকার নবযাত্রা প্রকল্পটির উদ্বোধন ঘোষণা করছি যা দক্ষিণ-পশ্চিম অঞ্চলের দরিদ্র ও অরক্ষিত জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তাহীনতার বিষয়টি চিহ্নিত করবে। ইউএসএআইডি'র বাংলাদেশ প্রধান বলেন, "যে সকল অঞ্চলে ইউএসআইডি'র ফুড ফর পিস্ কর্মসূচি পরিচালিত হয় সে সকল অঞ্চলের জনগণ, পরিবার এবং সমাজ বেশি স্বাস্থ্যসম্মত, সতেজ ও সহিষ্ণু হয়ে থাকে এবং খুলনা ও সাতক্ষীরা জেলায় যে সকল অঞ্চলে নবযাত্রা প্রকল্পটি কাজ করবে সে সকল অঞ্চলে আমরা এই সুবিধা পৌঁছে দিতে চাই।

==========